

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة _ الفصل الثالث

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: مَنْ كَانَ مُسْتَنَّا فليسن بِمَنْ قَدْ مَاتَ فَإِنَّ الْحَيَّ لَا تُؤْمَنُ عَلَيْهِ الْفَتْنَةُ. أُولَئِكَ أَصْحَابُ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانُوا أَفْضَلَ هَذِهِ الْأُمَّةِ أَبَرَّهَا قُلُوبًا وَأَعْمَقَهَا عِلْمًا وَأَقَلَّهَا تَكَلُّفًا اخْتَارَهُمُ اللَّهُ لِصنُحْبَةِ نَبِيّهِ وَلِإِقَامَةِ دِينِهِ فَاعْرِفُوا لَهُمْ فَضْلَهُمْ وَأَعْمَقَهَا عِلْمًا وَأَقَلَهَا تَكَلُّفًا اخْتَارَهُمُ اللَّهُ لِصنُحْبَةِ نَبِيّهِ وَلِإِقَامَةِ دِينِهِ فَاعْرِفُوا لَهُمْ فَضْلَهُمْ وَاتَّبَعُوهُمْ عَلَى آثَارِهِمْ وَتَمَسَّكُوا بِمَا اسْتَطَعْتُمْ مِنْ أَخْلَاقِهِمْ وَسِيَرِهِمْ فَإِنَّهُمْ كَانُوا عَلَى الْهَدْيِ الْمُسْتَقِيم. رَوَاهُ رِين

বাংলা

১৯৩-[৫৪] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি কারো কোন ত্বরীকাহ্ (তরিকা) অনুসরণ করতে চায়, সে যেন তাদের পথ অনুসরণ করে যারা দুনিয়া থেকে বিদায় নিয়েছে। কারণ জীবিত মানুষ (দীনের ব্যাপারে) ফিতনাহ্ হতে মুক্ত নয়। মৃত ব্যক্তিরা হলেন মুহাম্মাদ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ, যারা এ উম্মাতের সর্বোত্তম মানুষ। পরিচ্ছন্ন অন্তঃকরণ হিসেবে ও পরিপূর্ণ জ্ঞানের দিক দিয়ে এবং দূরে ছিলেন কৃত্রিমতার দিক থেকে। আল্লাহ তা'আলা তাদেরকে তাঁর প্রিয় রসূলের সাথী ও দীন কায়িমের জন্য মনোনীত করেছিলেন। সুতরাং তোমরা তাদের ফাযীলাত ও মর্যাদা বুঝে নাও। তাদের পদাংক অনুসরণ করো এবং যথাসাধ্য তাদের আখলাক ও জীবন পদ্ধতি মজবুত করে আঁকড়ে ধরো। কারণ তাঁরাই (আল্লাহ ও তাঁর রসূলের নির্দেশিত) সহজ–সরল পথের পথিক ছিলেন। (রযীন)[1]

ফুটনোট

[1] য'ঈফ : হিল্ইয়াহ্ ১/৩০৫-৩০৬, ইবনু 'আবদুল বার ২/৯৭, কারণ এর সানাদে বিচ্ছিন্নতা রয়েছে।

ব্যাখ্যা



ব্যাখ্যা: ইবনু মাস্'উদ (রাঃ)-এর উক্তি কেউ যদি কারো তরীকাহ্ (তরিকা) অনুসরণ করতে চায় তাহলে যেন ওদের তরীকার অনুসরণ করে যারা ইসলামের কথা, জ্ঞান ও 'আমলের উপর মৃত্যুবরণ করেছেন।

এখানে কুরআন-সুন্নাহ হতে সঠিক পথ খুঁজে বের করার প্রতি আলোকপাত করা হয়েছে। এতে যদি কেউ সক্ষম না হয় তাহলে সে যেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণের অনুসরণ করে। কেননা, তাঁরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা, কর্ম, অবস্থা, সমর্থনমূলক সকল বিষয় অনুসরণ করেছেন। তাই ইবনু মাস্'উদ (রাঃ) সাহাবীগণের যুগের পরবর্তী লোকেদেরকে ওয়াসিয়্যাত করে বলেছেন সাহাবীগণের মতাদর্শ গ্রহণ করতে এবং তাঁদের পথে চলতে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন